# ছাত্রদলের হামলার প্রতিবাদে শাহবাগে মিছিল ইনকিলাব মঞ্চের




ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু), জবি ইনকিলাব মঞ্চ, ছাত্রশিবির, ছাত্রশক্তি এবং কয়েকটি বাম ছাত্রসংগঠনের নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগ তুলে শাহবাগে বিক্ষোভ মিছিল করেছে ইনকিলাব মঞ্চ।

মঙ্গলবার (৪ আগস্ট) রাতে শাহবাগ চত্বরে আয়োজিত এ কর্মসূচিতে সংগঠনটির নবনির্বাচিত আহ্বায়ক আব্দুল্লাহ আল জাবের ও সদস্য সচিব ফাতিমা তাসনীম জুমা নেতৃত্ব দেন।

বিক্ষোভ মিছিলে অংশ নেওয়া নেতাকর্মীরা বিভিন্ন স্লোগান দেন এবং হামলার ঘটনার প্রতিবাদ জানান। কর্মসূচিতে বক্তারা দাবি করেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস নির্মাণ, আবাসন সংকট নিরসনসহ বিভিন্ন দাবিতে চলমান আন্দোলনে ছাত্রদলের নেতাকর্মীরা হামলা চালিয়েছে। তাদের অভিযোগ, পৃথক দুটি ক্যাম্পাসেও একই ধরনের হামলার ঘটনা ঘটেছে।

LENS ASIA

সমাবেশে আব্দুল্লাহ আল জাবের বলেন, তারা শান্তিপূর্ণভাবে প্রতিবাদ কর্মসূচি পালন করতে চান। একই সঙ্গে তিনি উপস্থিত নেতাকর্মীদের সংযত থাকার এবং কোনো ধরনের উসকানিতে পা না দেওয়ার আহ্বান জানান।